

ট্রান্সপোর্ট কর্পোরেশন ভারতের প্রথম লজিস্টিক্স এক্সেলেন্স অ্যাওয়ার্ড জিতল

নিজস্ব সংবাদদাতা : ট্রান্সপোর্ট কর্পোরেশন অব ইন্ডিয়া লিমিটেড (টিসিআই গ্রুপ) ন্যাশনাল লজিস্টিক্স এক্সেলেন্স অ্যাওয়ার্ড জিতল সেরা ওয়্যারহাউস সার্ভিস প্রোভাইডার ও সেরা কোল্ডচেইন/রেফ্রিজারেটেড সার্ভিস প্রোভাইডার ক্যাটাগরিতে। সম্প্রতি নয়াদিল্লিতে এই অ্যাওয়ার্ড

দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী পীযুষ গয়াল। ১২টি ক্যাটাগরিতে ১৬৯টি এন্ট্রি ছিল। এই সাফল্য সম্পর্কে টিসিআই-এর পক্ষ থেকে জানানো হয়েছে, দুটি ক্যাটাগরিতে পুরস্কার জয়ের ঘটনা টিসিআই-এর কর্মীদের কর্মক্ষমতা ও কৃতিত্বের প্রতিফলন।